**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ১৫৮-আইন/আয়কর-৩৩/২০২৪।-** জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, খুচরা যন্ত্রাংশসহ পূর্ণাঙ্গ ফ্রিজার, রেফ্রিজারেটর, এয়ারকন্ডিশনার ও মোটর সাইকেল তৈরীর ক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠানের কেবল এই শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হার, ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১২ (বারো) বৎসরের জন্য হ্রাস করিয়া ৫% এ নির্ধারণ করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) প্রতিষ্ঠানটি কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত নূতন কোম্পানি হইতে হইবে;

(খ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(গ) প্রতিষ্ঠানটি বিদ্যমান ব্যবসার পুনর্গঠন, মার্জার, ডিমার্জার এর ফলশ্রুত কোম্পানি হইতে পারিবেনা;

(ঘ) প্রতিষ্ঠানটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং অব্যাহতির মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত এই অনুমোদন অব্যাহত থাকিতে হইবে;

(ঙ) প্রতিষ্ঠানের নিজস্ব মোল্ড ও ডাইস, poly urephene foaming plant, powder coating plant তৈরীর ব্যবস্থা থাকিতে হইবে;

(চ) প্রতিষ্ঠানটিতে সক্রিয় (active) বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোনো শর্ত বা শর্তাবলি পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড, তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে; এবং

(জ) কোনো আয়বর্ষে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানটির উপর পরিবেশ সংশ্লিষ্ট আইন ভঙ্গের দায়ে জরিমানা আরোপ করা হইলে, সংশ্লিষ্ট করবর্ষে উক্ত প্রতিষ্ঠানটি এই প্রজ্ঞাপনে প্রদত্ত কর অব্যাহতি পাইবে না।

২। (ক) এস, আর, ও নং ১৮৬-আইন/২০০৯, তারিখ: ০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ, অতঃপর রহিত এস, আর, ও বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইলো;

(খ) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত এস, আর, ও নং ১৮৬-আইন/২০০৯, তারিখ: ০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ এর অধীন যেসকল প্রতিষ্ঠান বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে, সেসকল প্রতিষ্ঠান তাহাদের কর অব্যাহতির পূর্ণ মেয়াদ এমনভাবে ভোগ করিবে যেন উহাদের এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদন প্রদান করা হইয়াছিল এবং তাহাদের জন্য এই প্রজ্ঞাপনের শর্তাবলি প্রযোজ্য হইবে।

৩। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও